

নিয়োগ বিজ্ঞপ্তি

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা। এই সংস্থায় নিম্নবর্ণিত পদসমূহে লোক নিয়োগকল্পে সং ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং (১)	পদের নাম (২)	শিক্ষাগত যোগ্যতা ও বয়স (৩)	অভিজ্ঞতা (৪)
০১	পরিচালক (অপারেশনস)	সমাজ বিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/লোক-প্রশাসন অথবা অন্য যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। এমবিএ ডিগ্রী অগ্রাধিকার হিসেবে বিবেচিত হবে। বয়স: সর্বোচ্চ ৫২ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় উচ্চতর পদে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতাসহ উন্নয়ন কর্মসূচিতে ২০ বছরের চাকরির অভিজ্ঞতা।
০২	জেলা কর্মকর্তা (আইটি অ্যাণ্ড এমআইএস)	আইটি/সিএসই অথবা সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪২ বছর।	সুনামদণ্ড কোন প্রতিষ্ঠানে আইটি অ্যাণ্ড এমআইএস-এ কাজ করার ন্যূনতম ০৩ বছরের অভিজ্ঞতা।
০৩	ক্লাস্টার ফ্যাসিলিটের	কমপক্ষে সমাজ বিজ্ঞান বা যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪০ বছর।	গ্রাম পর্যায়ে অংশগ্রহণমূলক পদ্ধতিতে অতি দরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, গ্রুপ গঠন, সংগঠন ও কমিটি গঠন, বেকার যুবদের দক্ষতা উন্নয়নসহ কর্মসংস্থান সৃষ্টি, ঋণ কার্যক্রম, জীবিকা উন্নয়ন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা।
০৪	ডাটা এন্ট্রি অপারেটর	ন্যূনতম স্নাতক ডিগ্রী বা কম্পিউটার সাইন্সে ডিপ্লোমা ডিগ্রী। বয়স: সর্বোচ্চ ৪০ বছর।	ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে কাজ করার ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা।
০৫	পিয়ন/গার্ড (ফিল্ড অফিস)	ন্যূনতম এস.এস.সি পাস। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।	সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

অন্যান্য শর্তাবলী:

- আবেদনকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, পদের নাম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (CV)-সহ সকল সার্টিফিকেটের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে। প্রতিটি পদের TOR সহ বিস্তারিত তথ্য জানার জন্য www.sdfbd.org -এই web-site টি visit করুন।
- খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করে আত্রহী প্রার্থীকে আগামী ৩১/০৮/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), জেড হাউজ, ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে জমা দিতে হবে।
- বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- এসডিএফ-এ কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারির আবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রেরণ করতে হবে।
- প্রাথমিক বাছাই-এর পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী অগ্রাধিকার প্রদান করা হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা পরীক্ষা গ্রহণ করতে বাধ্য থাকবেন না।

(এ. জেড. এম. সাখাওয়াত হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

জেড হাউজ, ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।